

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.dpp.gov.bd

কার্তিক ১৪২৬

নং-০৫.০৪.০০০০.০০৯.৩৪.০০৫.১৯/

তারিখঃ-----
নভেম্বর, ২০১৯

বিষয়ঃ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য নতুন উদ্ভাবনী/উদ্যোগ/ধারণার তালিকা প্রকাশ প্রসঙ্গে।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিপি-৩ শাখার স্মারক নং-০৫.০০.০০০০.১৯৭.০৫.০০৬.১৯-১০৯, তারিখ-০৪/০৭/২০১৯।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এবং এর আওতাধীন অফিস ও প্রেসসমূহের ২০১৯-২০ অর্থ বছরের জন্য উদ্ভাবনী/উদ্যোগ- এর তালিকা সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে প্রদান করা হলোঃ

ক্রমিক নং	২০১৯-২০২০ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ/ধারণা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	শুরুর তারিখ	সমাপ্তির তারিখ	প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে)
১।	বাংলাদেশ স্টেশনারী অফিসের স্টোর ব্যবস্থাপনায় ই-ইনভেন্টরী সিস্টেম চালু করা।	উপপরিচালক বাংলাদেশ স্টেশনারী অফিস	০১ জুলাই/ ২০১৯	৩০ জুন / ২০২০	১। বাংলাদেশ স্টেশনারী অফিসের স্টোর ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধি পাবে। ২। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তরসমূহ নিজ নিজ স্টেশনারী দ্রব্যাদির চাহিদা অনলাইনে এন্ট্রি ও প্রেরণ করতে পারবে। ম্যানুয়াল ফরম ব্যবহার বা স্বাক্ষর করার প্রয়োজন হবে না। এতে সময়, খরচ ও ভিজিট হাস পাবে।
২।	বিজি প্রেসের অভ্যন্তরে শীতাতপ নিয়ন্ত্রিত অত্যাধুনিক মেশিন শাখা তৈরী করা।	উপপরিচালক বাংলাদেশ সরকারি মুদ্রণালয়	০১ জুলাই/ ২০১৯	৩০ জুন / ২০২০	আধুনিক মুদ্রণ কাজের গতি বৃদ্ধি, সকল মন্ত্রণালয়/দপ্তরের চাহিদা ও সকল কাজ সুষ্ঠুভাবে সরবরাহ, সরকারের আর্থিক ব্যয় হ্রাস এবং প্রেসের সফলতা লক্ষণীয়ভাবে বৃদ্ধিপাবে।
৩।	বিজি প্রেসে বিভিন্ন বোর্ড /বিশ্ববিদ্যালয়, জেলা প্রশাসন এবং প্রত্যাশি সংস্থা থেকে আগত কর্মকর্তাদের সাময়িক অপেক্ষার জন্য প্রেসের প্রধান গেইট সংলগ্ন একটি লাউঞ্জ স্থাপন এবং একটি হেল্প ডেস্ক চালুকরা।	উপপরিচালক বাংলাদেশ সরকারি মুদ্রণালয়	০১ জুলাই/ ২০১৯	৩০ জুন / ২০২০	জেলা প্রশাসনসহ বিভিন্ন প্রত্যাশী সংস্থা থেকে আগত কর্মকর্তারা প্রশ্নপত্রের ট্রাংক সংগ্রহসহ জরুরী গেজেট ও অন্যান্য মুদ্রণ কাজের জন্য বারান্দায় ঘুরাঘুরি না করে একটি কক্ষে অপেক্ষা করতে পারবেন। এতে কেপিআই স্থাপনা হিসেবে নিরাপত্তা বজায় রাখা সম্ভব হবে। কাজের পরিবেশ উন্নত হবে। হেল্প ডেস্কের মাধ্যমে বিভিন্ন প্রত্যাশী সংস্থা স্বল্পতম সময়ে সর্বোত্তম সেবা পাবেন।
৪।	বিজি প্রেসে মুদ্রিত গুরুত্বপূর্ণ ডকুমেন্টস সংরক্ষণ ও একটি লাইব্রেরী নির্মাণ। লাইব্রেরীতে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু কর্ণার নির্মাণ।	উপপরিচালক বাংলাদেশ সরকারি মুদ্রণালয়	০১ জুলাই/ ২০১৯	৩০ জুন / ২০২০	বিভিন্ন গুরুত্বপূর্ণ ডকুমেন্টস প্রয়োজনীয় গেজেট, প্রতিবেদন, প্রজ্ঞাপন, আইন বিধি সংক্রান্ত যাবতীয় গুরুত্বপূর্ণ দলিলাদি সংরক্ষিত থাকবে। বঙ্গবন্ধু কর্ণার প্রতিষ্ঠা হলে বঙ্গবন্ধুর আদর্শের প্রতিফলন সকল কর্মকর্তা/ কর্মচারীদের কাজ কর্মে ও জীবনে প্রতিফলিত হবে এবং ডিজিটাল বাংলাদেশের লক্ষ্য বাস্তবায়ন হবে।

চলমান পাতা/০২

ক্রমিক নং	২০১৯-২০২০ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ/ধারণা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	শুরুর তারিখ	সমাপ্তির তারিখ	প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে)
৫।	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস এর স্টোর শাখায় মালামাল সংরক্ষণের নিমিত্ত অনলাইন স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম।	উপপরিচালক গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস	০১ জুলাই/ ২০১৯	৩০ জুন/ ২০২০	১। সরবরাহ গ্রহণকৃত এবং বিতরণকৃত সকল মালামাল সফটওয়্যারে এন্ট্রি হবে বিধায় এতে করে মালামালের প্রকৃত হিসাব ও তথ্য সংরক্ষিত হবে। ২। যে কোন প্রকার অনিয়ম রোধ করা সম্ভব হবে। ৩। সরকারি সম্পদ ও অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করা সম্ভব হবে।



(এ. এফ. আমিন চৌধুরী)

মহাপরিচালক

ফোন-৮৮৯১২৫১

ই-মেইলঃ dg@dpp.gov.bd

সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা


নং-০৫.০৪.০০০০.০০৯.৩৪.০০৫.১৯

১২৪৭০ (২০)

তারিখঃ ১৬ কার্তিক ১৪২৬
০৬ নভেম্বর, ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়/ বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস/গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস/ বাংলাদেশ স্টেশনারী অফিস/
বাংলাদেশ সিকিউরিটি প্রিন্টিং প্রেস/ বাংলাদেশ স্টেশনারী অফিস, তেজগাঁও, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৩। সহকারী পরিচালক (প্রশাসন-১) মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪। ম্যানেজার, প্রশাসন, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(শংকর ভৌমিক)

সিস্টেম এনালিস্ট

ও

সদস্য সচিব ইনোভেশন টিম

ই-মেইলঃ systemanalyst@dpp.gov.bd